

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা
(ত্রাণ ও পুনর্বাসন শাখা)
www.bandarban.gov.bd

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৪.২৩. ১৪১

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

বিষয় : চলতি ২০২২-২০২৩ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা) কর্মসূচীর আওতায় উপজেলাভিত্তিক ২য় কিস্তির খাদ্যশস্য (চাল ও গম) উপ-বরাদ্দ প্রদান।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর পত্র নম্বর: ৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২২.৪০৯; ২১ ডিসেম্বর ২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে ২০২২-২০২৩ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা) কর্মসূচীর আওতায় সূত্রে বর্ণিত স্মারক মূলে ২য় কিস্তিতে নিম্নবর্ণিত উপজেলা পরিষদের অনুকূলে বরাদ্দকৃত খাদ্যশস্যের বিপরীতে গৃহীত প্রকল্পসমূহ গত ২৩/০২/২০২৩ তারিখে অনুষ্ঠিত “জেলা কর্ণধার” কমিটির সভায় অনুমোদনের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শর্ত অনুযায়ী প্রকল্প বাস্তবায়নের নিমিত্ত উপজেলার পার্শ্বে উল্লিখিত পরিমাণ খাদ্যশস্য (চাল ও গম) সংশ্লিষ্ট উপজেলা পরিষদ চেয়ারম্যানগণের অনুকূলে উপ-বরাদ্দ প্রদান করা হলো।

২। এই ব্যয় বাজেট কোড ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১(চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ (গম) কোড হতে নির্বাহ করা হবে।

| ক্রমিক | উপজেলার নাম | ২য় কিস্তিতে উপ-বরাদ্দকৃত চাল ও গমের পরিমাণ ও অনুমোদিত প্রকল্প সংখ্যা | | | |
|--------|---------------|---|----------------|------------|----------------|
| | | চাল (মে:টন) | প্রকল্প সংখ্যা | গম (মে:টন) | প্রকল্প সংখ্যা |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ০১ | রোয়াংছড়ি | ২৪.৬৭৪ | ০৬ | ৪৯.৩৪৮১ | ০৬ |
| ০২ | আলীকদম | ৪২.৩৭৪৬ | ০৫ | ৮৪.৭৪৯২ | ০৯ |
| ০৩ | নাইক্ষ্যংছড়ি | ৩০.৬০২১ | ০৬ | ৬১.২০৪১ | ০৬ |
| | মোট= | ৯৭.৬৫০৭ | ১৭ | ১৯৫.৩০১৪ | ২১ |

শর্তসমূহ :

- (০১) ২০২২-২০২৩ অর্থ বছরে ২য় কিস্তির বরাদ্দের বিপরীতে প্রকল্প বাস্তবায়ন আগামী ৩১/০৩/২০২৩ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে;
- (০২) এ কর্মসূচীর খাদ্যশস্য ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান,গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৩) প্রকল্প গ্রহণ/বাছাই গ্রামীণ অবকাঠামো সংস্কার(কাবিখা-খাদ্যশস্য/নগদ টাকা) কর্মসূচি বাস্তবায়ন নির্দেশিকা- ২০২১ এর অনুচ্ছেদ- ৩, ৪ ও ৫ যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- (০৪) কাজ শুরু পূর্বে আবশ্যিকভাবে প্রি-ওয়ার্ক পরিমাণ গ্রহণ করতে হবে। প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখাসহ ভিডিও সফটকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে, যাতে কর্মোত্তর জরিপের একটি তুলনা করা সম্ভব হয়। প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে;
- (০৫) নির্ধারিত সময়ের মধ্যে কাজ সম্পন্ন না হলে দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে প্রচলিত বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করতে হবে;
- (০৬) প্রকল্প সুষ্ঠু বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে;
- (০৭) বরাদ্দ প্রাপ্তির ১৫(পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষংগিক কাজ সম্পন্ন করে কার্যক্রম শুরু নিশ্চিত করা। অব্যয়িত খাদ্যশস্য/টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে;
- (০৮) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপণের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে;

চলমান পাতা-০২

(০৯) গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে;

সংযুক্তি : অনুমোদিত প্রকল্পের তালিকা ০১ ফর্দ।

সি-

মো: ছাইফুল্লাহ মজুমদার
জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলাপ্রশাসকের পক্ষে
বান্দরবান পার্বত্য জেলা।
মোবাইল: ০১৭০০৭১৬৬৯৫
টেলিফোন: ০২৩৩৩৩০২৭১৯
email: drrobandarban83@gmail.com

উপজেলা পরিষদ চেয়ারম্যান

রোয়াংছড়ি/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা,
বান্দরবান পার্বত্য জেলা।

স্মারক : ৫১.০১.০৩০০.০০০.৪১.০২৪.২৩. ১৪১

তারিখ: ২৭ ফাল্গুন ১৪২৯
১২ মার্চ ২০২৩

সদয় অবগতি / অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০২। বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ০৩। পরিচালক(কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।
- ০৪। পি এস টু মাননীয় মন্ত্রী, পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ০৫। উপজেলা নির্বাহী অফিসার, রোয়াংছড়ি/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৬। সহকারী কমিশনার (গোপনীয়), বান্দরবান পার্বত্য জেলা (জেলাপ্রশাসক মহোদয় এর সদয় অবগতির জন্য)
- ০৭। সহকারী কমিশনার, আইসিটি, জেলাপ্রশাসকের কার্যালয়, বান্দরবান পার্বত্য জেলা (উপ-বরাদ্দপত্রটি জেলাপ্রশাসক মহোদয়ের ওয়েবসাইটে Upload করণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
- ০৮। জেলা খাদ্য নিয়ন্ত্রক, বান্দরবান পার্বত্য জেলা।
- ০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, রোয়াংছড়ি/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।
- ১০। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, রোয়াংছড়ি/আলীকদম/নাইক্ষ্যংছড়ি উপজেলা, বান্দরবান পার্বত্য জেলা।

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা
জেলাপ্রশাসকের পক্ষে
বান্দরবান পার্বত্য জেলা।

স্বাক্ষর